# অনলাইন কাউন্সেলিং এর মাধ্যমে ভর্ত্তি প্রক্রিয়া সম্পর্কিত তথ্য

JEXPO / VOCLET এর অনলাইন কাউন্সেলিং এর জন্য প্রয়োজন ইনটারনেটের সুবিধা আছে এমন একটি কম্পিউটার ।

**১) অনলাইন রেজিস্ট্রেশন:**

- সমস্ত সফল প্রার্থীদের www.webscte.co.in এ গিয়ে JEXPO-2018 বা VOCLET-2018 সিলেক্ট করে New Registration Section এ যেতে হবে।
- নির্ধারিত জায়গায় Enrollment No ও Index No টাইপ করতে হবে।
- এরপর Proceed বাটনটি Click করলে Registered মোবাইলে একটি OTP যাবে যেটা টাইপ করতে হবে।
- যে সকল তথ্য চাওয়া হবে সেগুলি যথাযথ ভাবে পূরণ করতে হবে বা Drop Down Menu থেকে Select করতে হবে (যেটি প্রযোজ্য) এবং নিজের পছন্দ মত একটি Password দিতে হবে।
- Confirm Password Box এ প্রদত্ত Password টি আবার টাইপ করতে হবে।
- প্রদত্ত Password টি Registered মোবাইলে SMS হিসাবে চলে যাবে এবং তাহা ভবিষ্যতের জন্য সুরক্ষিত রাখতে হবে।
- প্রার্থীকে একবার কিছু তথ্য Deactivate-এর জন্য সুযোগ দেওয়া হবে।
- প্রার্থীকে প্রদত্ত সমস্ত তথ্য ভাল ভাবে পরীক্ষা করে Submit বাটনটি Click করতে হবে।

**২) Students Login:**

- সমস্ত সফল প্রার্থীদের www.webscte.co.in এ গিয়ে JEXPO-2018 বা VOCLET-2018 সিলেক্ট করে Student Login এ যেতে হবে।
- Enrollment No এবং রেজিস্ট্রেশনের সময়ে প্রদত্ত Password টি Entry করতে হবে।
- Login বাটনটি ক্লিক করতে হবে।
- কম্পিউটার স্ক্রীনে My Profile খুলে যাবে।

**৩) Choice Filling:**

- এবার নিজের পছন্দের Choice গুলি ভর্ত্তি করার জন্য Choice filling বাটনটি Click করতে হবে।
- কম্পুটার স্ক্রিনের বাম দিকের প্রদত্ত তালিকা থেকে নিজের পছন্দমত Choice গুলি (Institute ও Branch এর Combination গুলি) একে একে পছন্দ অনুযায়ী ক্লিক করতে হবে। যে কোন পছন্দ ক্লিক করলেই সেটি বাঁদিকের তালিকা থেকে মুছে গিয়ে ডান দিকের ফাঁকা অংশে চলে যাবে। ডানদিকের তালিকাটি হবে প্রার্থীর পছন্দের তালিকা। **যে প্রার্থী যত বেশী সংখ্যক Choice ভর্ত্তি করবে, Allotment পাওয়ার সম্ভবনা তার তত বাড়বে।**
- সমস্ত Choice গুলি ভর্ত্তি করার পর প্রার্থীকে সেগুলি Save করতে হবে। না করলে মুছে যেতে পারে।
- Save করা পছন্দের তালিকাটি যতবার খুশি সংশোধন করা যেতে পারে নির্ধারিত সময় সীমার মধ্যে (14.06.2018 থেকে 21.06.2018 এর 11.30 P.M.) ।
- সমস্ত Choice ভর্ত্তি করার পর পছন্দের তালিকাটি সম্বন্ধে নিশ্চিত হবার পর Lock বাটনটি ক্লিক করতে হবে। ফলে তালিকাটি পাকাপাকি ভাবে Lock হয়ে যাবে। **Lock করার পর আর কোন সংশোধন তালিকাতে করা যাবে না।**
- যদি কোন প্রার্থী Lock করতে ভুলে যায়, তবে নির্ধারিত সময় সীমার পরে Automatically পছন্দের তালিকাটি Lock হয়ে যাবে।
- প্রত্যেক প্রার্থীর Lock করা পছন্দের তালিকার একটি প্রিন্ট নিয়ে রাখতে হবে।

**বি:দ্র:** *প্রার্থীর নিজের দেওয়া Choice গুলি **Lock করার পূর্বে** কোনরূপ সংশোধনের প্রয়োজন হলে প্রদত্ত Choice গুলির বামদিকের Delete, Up ও Down বাটনগুলি ব্যবহার করতে হবে।*

**৪) Seat Allotment:**

- প্রার্থীদের প্রদত্ত Locked পছন্দের তালিকার উপর Allotment প্রদান করা হবে। সফল প্রার্থীরা সরাসরি Final Allotment Letter নিয়ে নির্ধারিত সময়ের মধ্যে Institute এ ভর্ত্তি হতে পারে।

**অথবা**

- Auto upgradation অপশনে Yes করে Provisional Allotment Letter নিয়ে নির্ধারিত সময়ের মধ্যে website এ উল্লেখিত Reporting Centre এ গিয়ে Provisional Seat Booking নিয়ে পরবর্তী পর্যায়ের Counselling এর জন্য অপেক্ষা করতে পারে।

**৫) ভর্ত্তির সময় প্রয়োজনীয় নথি ও ফি :**

A) Final Admission এর জন্য (Auto upgradation না নিলে)
   i) সকল প্রকার প্রয়োজনীয় Original শংসাপত্র ও তাদের প্রত্যয়িত নকল
   ii) Final Seat Booking Fee বাবদ নগদ ৫০০ টাকা
   iii) ভর্ত্তির জন্য প্রয়োজনীয় অর্থ

B) Provisional Seat Booking এর জন্য (Auto upgradation নিলে)
   i) সকল প্রকার প্রয়োজনীয় Orginal শংসাপত্র ।
   ii) Provisional Seat Booking Fee বাবদ নগদ ২০০০ টাকা (ফেরতযোগ্য)

# চয়েস পূরণ করা সংক্রান্ত তথ্য

১) Choice বলতে বোঝায় Institute এবং Branch এর কম্বিনেশন (উদাহরণ APC Roy Polytechnic এবং Mechanical Branch)

২) Choice ভর্ত্তির আগে গতবছরের Closing Rank (অর্থাৎ সর্বশেষ Rank) ভালোভাবে দেখে নেওয়া দরকার।

৩) মনে রাখতে হবে, ঐ সব Closing Ranks কেবলমাত্র প্রার্থীকে সঠিক ভাবে Choice ভর্ত্তি করায় সাহায্য করার জন্য দেওয়া হয়েছে অর্থাৎ ঐসব Closing Ranks এর থেকে ধারনা নিয়ে Rank অনুযায়ী একজন প্রার্থী তার পছন্দের যে কোন একটি Seat পাওয়ার সম্ভবনা যতটা সম্ভব বাড়িয়ে নিতে পারবে । (উদাহরণ ধরা যাক গতবারের কোন একটি Seat (Choice) এর Closing Rank হল ৭৫০, একজন ২০,০০০ Rank করা প্রার্থী ঐ Choice টি নিশ্চয়ই দিতে পারে। কিন্তু মনে রাখা দরকার, ঐ Seat টি পাওয়ার সম্ভাবনা তার ক্ষেত্রে খুবই কম)

৪) সেইজন্য, সমস্ত প্রার্থীদেরই যত বেশী সংখ্যক সম্ভব Choices ভর্তি করার জন্য বলা হচ্ছে। বহুক্ষেত্রেই, সঠিক সংখ্যক এবং Rank অনুযায়ী সঠিক জায়গার Choice গুলি না ভরার জন্য Allotment পাওয়ার ক্ষেত্রে সমস্যা দেখা দেয়।

৫) অবশ্যই মনে রাখা দরকার, সেই সমস্ত Choices-ই একজন প্রার্থীকে ভরতে হবে, যার থেকে যে কোন একটি পেলেই সে Seat টি Admission এর জন্য Booking করতে প্রস্তুত থাকবে।

৬) সব প্রার্থীর-ই যে কোন Choice বা যত খুশি সংখ্যক Choices ভর্তি করার স্বাধীনতা আছে। কিন্তু গতবারের Closing Ranks এর তালিকা দেখে তাকে ধারনা করে নিতে হবে যে নিজের Rank অনুযায়ী সে কত সংখ্যক Choice ভর্তি করবে।

৭) মনে রাখা দরকার, যত বেশী সংখ্যক এবং সঠিক জায়গার Choice গুলি ভরা হবে, Seat বা Allotment পাওয়ার সম্ভাবনা ততই বাড়বে।

৮) Admission এর জন্য Choice ভর্তি করা Seat বা Allotment পাওয়া সুনিশ্চিত করে না। কোন একটি Seat পাওয়া নির্ভর করবে প্রার্থীর Rank, প্রার্থীর প্রদত্ত Choices এবং তার Rank (ক্রম), আসন সংখ্যা এবং অবশ্যই প্রার্থীর থেকে উচ্চ-স্থানাধীকারী (Higher Ranker) প্রার্থীদের দেওয়া Choices এর উপর ।

৯) বিশেষভাবে মনে রাখা দরকার, এবছরেও বেশ কিছু নতুন Government ও Private পলিটেকনিক যুক্ত হতে পারে, যাদের ক্ষেত্রে গতবারের কোন Closing Rank নেই। Choice ভর্তি করার আগে website-এ দেওয়া তালিকা থেকে সেগুলি সম্বন্ধে জেনে নেওয়া দরকার ।

# অটো আপগ্রেডেশন সংক্রান্ত তথ্য

১) প্রথম দফার Allotments বা Counseling এর ফল ঘোষনা করার পর সকল সফল প্রার্থী তাদের পাওয়া Seat টি পাকাপাকি ভাবে গ্রহণ (Final booking) করতে পারে **অথবা** Seat টি প্রাথমিক ভাবে (Provisionally) গ্রহণ করে Auto updradation এর সুযোগ নিতে পারে ।

২) যে সকল প্রার্থী Auto upgradation অপশনটি গ্রহণ করবে না তাদের Final Seat Booking এর জন্য website এর Student Login এ গিয়ে Auto upgradation অপশন-এর অন্তর্গত 'No' বাটনটি **Click** করতে হবে এবং **Print Allotment Letter** অপশন থেকে Final Allotment Letter এর একটি Print Copy নিয়ে নির্ধারিত দিনের মধ্যে Allotted Polytechnic এ গিয়ে ভর্তি হতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে সমস্ত Original শংসাপত্র এবং সেগুলির এক কপি প্রতিলিপি (Xerox), Final Seat Booking Fee বাবদ নগদ ৫০০ টাকা এবং ভর্তির জন্য প্রয়োজনীয় টাকা নিয়ে যেতে হবে । মনে রাখা দরকার, নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি না হলে Allotment টি Cancelled বলে বিবেচিত হবে।

৩) যে সব প্রার্থী Auto upgradation অপশনটি গ্রহণ করবে তাদের Student Login এ গিয়ে Auto upgradation অপশন-এর অন্তর্গত 'Yes' বাটনটি **Click** করতে হবে এবং **Print Allotment Letter** অপশন থেকে Provisional Allotment Letter এর একটি Print Copy নিয়ে নির্ধারিত দিনের মধ্যে ওয়েবসাইটে উল্লেখিত যে কোন একটি Reporting Centre এ গিয়ে Provisional Seat Booking করতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে Provisional Seat Booking Fee বাবদ নগদ ২০০০ টাকা (ফেরতযোগ্য), মাধ্যমিক বা সমতুল পরীক্ষার Original Admit Card, Marksheet এবং Provisional Allotment Letter টি নিয়ে যেতে হবে (VOCLET-এর ক্ষেত্রে HS (Vocational)-এর Admit Card এবং Marksheet নিয়ে যেতে হবে)। এক্ষেত্রে শংসাপত্রের প্রতিলিপি নিয়ে যাওয়ার প্রয়োজন নেই। নির্ধারিত সময়ের মধ্যে Provisional Admission না নিলে Allotment টি Cancelled বলে বিবেচিত হবে। মনে রাখা দরকার, প্রদত্ত ২,০০০ টাকা পরবর্তীকালে ফেরত যোগ্য কেবলমাত্র Registered ছাত্রদের ক্ষেত্রে ।

৪) Auto upgradation এর সুযোগ নেওয়া প্রার্থীদের Provisional Seat Booking নিয়ে অপেক্ষা করতে হবে পরবর্তী দফার Allotment এর ফল ঘোষনা পর্যন্ত।

৫) Auto upgradation এর সুযোগ JEXPO এবং VOCLET প্রার্থীদের দ্বিতীয় দফার Allotment এর ক্ষেত্রেও প্রযোজ্য হবে। কিন্তু পরবর্তী দফার ক্ষেত্রে এই সুযোগ থাকবে না।

৬) বিশেষ ভাবে মনে রাখা দরকার :-

- Auto upgradation এ সুযোগ পাওয়া অনিশ্চিত, কারণ ভর্তি না হওয়ার জন্য যদি Seat খালি থাকে তবেই Auto upgradation প্রযোজ্য হবে।
- Auto upgradation নিলে Provisional Allotment Letter পাওয়া যাবে এবং Provisional Seat Booking করতে হবে Reporting Centre এ গিয়ে।
- Auto upgradation নিয়ে যদি সুযোগ আসে, তবে প্রার্থীকে তা নিতেই হবে কারণ সে ক্ষেত্রে তার পুর্বের পাওয়া Allotment টি Automatically Cancel হয়ে যাবে।
- Auto upgradation নিয়ে Provisional Admission না নিলে পাওয়া Allotment টি Cancel হয়ে যাবে।
- যে সব প্রার্থী তার প্রথম পছন্দের (First Choice) - এর Seat টি Allotment হিসাবে পাবে, তার ক্ষেত্রে Auto upgradation এর সুযোগ থাকবে না।

৭) JEXPO এবং VOCLET প্রার্থীদের দ্বিতীয় দফায় Auto upgradation এ পাওয়া Allotment বা নতুন ভাবে পাওয়া Allotment এর ক্ষেত্রে, প্রথম দফার মতো দুটি অপশনই থাকবে। কিন্তু পরবর্তী দফার ক্ষেত্রে Auto upgradation এর সুযোগ থাকবে না। শেষ দফায় প্রার্থীকে তার পাওয়া Allotment অনুযায়ী নির্ধারিত পলিটেকনিকে ভর্তি হতে হবে ।

৮) Final Allotment এর ক্ষেত্রে, ভর্তি হওয়ার সময় প্রার্থীকে Final Seat Booking Fee বাবদ নগদ ৫০০ টাকা নিয়ে যেতে হবে । Provisional Allotment এর ক্ষেত্রে Reporting Centre এ Provisional Seat Booking Fee বাবদ নগদ ২০০০ টাকা (ফেরতযোগ্য) নিয়ে যেতে হবে ।

# কাউন্সেলিং এর ফল প্রকাশ এবং সফল প্রার্থীদের ভর্ত্তি সংক্রান্ত নির্দেশাবলী

ক) JEXPO ও VOCLET এর কাউন্সেলিং এর ফল প্রকাশিত হলে প্রার্থীকে www.wbscte.co.in ওয়েবসাইটের অন্তর্গত JEXPO-2018 বা VOCLET-2018 এ গিয়ে Enrollment Number ও Password দিয়ে "My Profile" এ যেতে হবে সেখানে "View Result" বলে একটি Tab দেখা যাবে। এটিতে Click করলেই প্রার্থীর প্রদত্ত Allotment টি দেখা যাবে। (অসফল প্রার্থীদের ক্ষেত্রে কোন Allotment দেখা যাবে না। পরবর্তী পর্যায়ের ফল প্রকাশের জন্য তাদের অপেক্ষা করতে হবে।)

খ) Allotment যদি সফল হয় তবে প্রার্থীর কাছে নিম্নলিখিত অপশন দুটি থাকবে। এর যে কোন একটি বাছতে হবে।

১) প্রাপ্ত Allotment (Seat) টি পাকাপাকি ভাবে নিয়ে নির্ধারিত Institute এ গিয়ে ভর্ত্তি হতে হবে। এক্ষেত্রে Auto-upgradation Tab এর অন্তর্গত No অপশনে Click করতে হবে। এবার, Print Allotment অপশন থেকে Final Allotment Letter এর একটি Print নিতে হবে। ভর্ত্তি হতে যাওয়ার সময় Final Seat Booking Fee বাবদ নগদ ৫০০ টাকা, সমস্ত Original শংসাপত্র এবং সেগুলির এক সেট প্রত্যয়িত নকল, ভর্ত্তির জন্য প্রয়োজনীয় টাকা এবং Final Allotment Letter টি সঙ্গে নিয়ে যেতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্ত্তি না হলে Allotment টি Cancelled বলে বিবেচিত হবে।

**অথবা**

২) প্রাপ্ত Allotment টি না নিয়ে Auto up-gradation অপশন নিতে হবে। এক্ষেত্রে Auto upgradation Tab এর অন্তর্গত Yes অপশনে Click করতে হবে। এবার Print Allotment অপশন থেকে Provisional Allotment Letter এর Print নিতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার Provisionally Allotted Institute (Polytechnic) এ না গিয়ে Provisional Allotment Letter এর সঙ্গে প্রদত্ত Reporting Centers এর যে **কোন একটিতে** গিয়ে Seat Booking করতে হবে। এজন্য প্রার্থীকে সঙ্গে নিতে হবে Provisional Seat Booking Fee বাবদ নগদ ২০০০ টাকা (ফেরতযোগ্য), মাধ্যমিক বা সমতুল পরীক্ষার Original Admit Card, Marksheet এবং Provisional Allotment Letter। ২০০০/- টাকা জমা দিয়ে Seat Booking না করলে Provisional Allotment টি Cancelled বলে বিবেচিত হবে।

এ ক্ষেত্রে মনে রাখতে হবে যে, ভর্ত্তি না হওয়ার জন্য বা Alloment না নেওয়ার জন্য যদি আসন খালি পড়ে থাকে, তবেই তার উপর Auto up-gratation হবে এবং Auto up-gradation এর জন্য প্রার্থীর প্রাপ্ত Alloment (Choice) টির উপরের ক্রমের Choice গুলিই কেবল বিবেচ্য হবে। Auto up-gradation এ কোন Seat পেলে প্রার্থীর Provisionally Allotted Seat টি Automatically Cancelled হয়ে যাবে। পরবর্তী দফায় প্রার্থী Auto upgraded Seat টি নিতে বাধ্য থাকবে বা পুনরায় Auto up-gradation অপশন দিতে পারবে । JEXPO এবং VOCLET প্রার্থীদের ক্ষেত্রে ৩-য় দফায় Auto upgradation এর সুযোগ আর থাকবে না।

গ) ২-য় দফায় যদি কোন প্রার্থী Auto up-gradation এ প্রাপ্ত Seat টি না নিয়ে আবার Auto up-gradation অপশন নেয়, যেক্ষেত্রে তাকে আর কোন Reporting Centre এ যেতে হবে না, পরবর্তী দফার ফলের জন্য অপেক্ষা করতে হবে।

মনে রাখা দরকার, ২-য় দফায় যারা প্রথমবার Allotment পাবে, তাদের ভর্ত্তি হওয়ার ক্ষেত্রে প্রথম দফার সব নিয়ম-ই প্রযোজ্য হবে।

ঘ) Provisional Allotment নিয়ে যে কোন Reporting Centre এ গিয়ে Provisional Seat Booking Fee বাবদ নগদ ২০০০ টাকা (ফেরতযোগ্য) জমা দিলেও পরবর্তী পর্যায়ে Final Allotment Letter নিয়ে ভর্ত্তি হতে যাওয়ার সময় Final Seat Booking Fee বাবদ নগদ ৫০০ টাকা নিয়ে যেতে হবে। কারণ প্রদত্ত ২০০০/- টাকা ফেরৎ যোগ্য সফল Registred ছাত্রদের ক্ষেত্রে।

**Final Allotment নিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে Allotted Polytechnic এ গিয়ে Final Admission না নিলে পাওয়া Allotment টি Cancel হয়ে যাবে।**

**Auto upgradation নিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে যে কোন Reporting Centre এ গিয়ে Provisional Admission না নিলে পাওয়া Allotment টি Cancel হয়ে যাবে।**

**২-য় দফায় যদি কোন প্রার্থী Auto up-gradation এ প্রাপ্ত Seat টি না নিয়ে আবার Auto up-gradation অপশন নেয়, যেক্ষেত্রে তাকে আর কোন Reporting Centre এ যেতে হবে না, পরবর্তী দফার ফলের জন্য অপেক্ষা করতে হবে।**